বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৯৩ তম ট্রাস্টি বোর্ডের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি
তারিখঃ : ২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ০৩:০০ ঘটিকা
স্থান : এমডিএস (প্রকল্প)-এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন।

২। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সুপারিশ প্রদান করা হয়ঃ

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন
১।	**বিষয়ঃ কেন্দ্রের পেনশন তহবিল ও জিপিএফ এর বিনিয়োগকৃত অর্থের বিবরণী ওয়েবসাইটে প্রকাশ।** আলোচনাঃ কেন্দ্রের পেনশন তহবিলের অর্থ মোট ২২ টি এফডিআর হিসাবের মাধ্যমে ৭৩,৫৭,৯১,৪৩৯/- (তিয়াত্তর কোটি সাতান্ন লক্ষ একানব্বই হাজার চারশত উনচল্লিশ) টাকা এবং সাধারণ ভবিষ্য তহবিলের অর্থ মোট ০৪ টি এফডিআর এর মাধ্যমে ৭,৮২,৫০,২৭৮/- (সাত কোটি বিরাশি লক্ষ পঞ্চাশ হাজার দুইশত আটাত্তর) টাকা জমা রয়েছে। কেন্দ্রের পেনশন তহবিল ও সাধারণ ভবিষ্য তহবিলের জমাকৃত অর্থের বিষয়টি সকলকে অবহিত করার জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হবে কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কেন্দ্রের পেনশন তহবিল ও জিপিএফ এর বিনিয়োগকৃত অর্থের বিষয়টি ওয়েবসাইটে প্রকাশ না করে প্রতিবছর জানুয়ারি মাসে অনুষদ সদস্যদের অবহিত করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন।	১। কেন্দ্রের পেনশন তহবিল ও জিপিএফ এর বিনিয়োগকৃত অর্থের বিষয়টি ওয়েবসাইটে প্রকাশ না করে প্রতিবছর জানুয়ারি মাসে অনুষদ সদস্যদের অবহিত করার বিষয়ে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য-সচিব ট্রাস্টি বোর্ড
২।	**বিষয়ঃ কেন্দ্রের পেনশন তহবিলের অর্থ বাণিজ্যিক ব্যাংকে বিনিয়োগ।** আলোচনাঃ সদস্য-সচিব সভায় উল্লেখ করেন যে, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে গত ০২ এপ্রিল, ২০১৮ তারিখে জারিকৃত আদেশ নং-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-৯৩ এর মাধ্যমে সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার মোট নিজস্ব তহবিলের অর্থ ৫০% পর্যন্ত বেসরকারি ব্যাংকসমূহ ও আর্থিক প্রতিষ্ঠানে (NBFI) আমানত রাখার বিষয়ে সম্মতি প্রদান করা হয়েছে। কেন্দ্রের পেনশন তহবিল ও সাধারণ ভবিষ্য তহবিলের জমাকৃত সমুদয় অর্থ চারটি সরকারি ব্যাংকে এফডিআর হিসাবের মাধ্যমে জমা রয়েছে। বাংলাদেশ ব্যাংকের ২০১৮ সালের CAMEL RATING অনুযায়ী সবচেয়ে ভাল পজিশনে থাকা ব্যাংকগুলোর ওয়েবসাইট হতে একবছর মেয়াদি সুদের হার সংগ্রহ করা হয়েছে, যা নিম্নরূপঃ ক্রঃ নং | ব্যাংক এর নাম | সুদের হার ১. | শাহজালাল ইসলামি ব্যাংক লিমিটেড | ৬.০০ ২. | এক্সিম ব্যাংক লিঃ | ৮.৭৫ ৩. | সাউথবাংলা এগ্রিকালচার ব্যাংক লিঃ | ৮.৫০	২.১। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে জারিকৃত প্রজ্ঞাপন এর আলোকে কেন্দ্রের পেনশন তহবিলের জমাকৃত অর্থের ২০% অর্থ বাণিজ্যিক ব্যাংকে বিনিয়োগের বিষয়ে সভায় সর্বসম্মত সুপারিশ করা হয়। ২.২। বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বাণিজ্যক ব্যাংকসমূহের মধ্যে Strongest পজিশনে রয়েছে এমন ০৫ টি ব্যাংক হতে একবছর মেয়াদী সুদের হার সংক্রান্ত Offer Letter সংগ্রহ করার বিষয়ে সভায় সর্বসম্মত সুপারিশ করা হয়। ২.৩। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর বর্তমান আর্থিক অবস্থা	সদস্য-সচিব ট্রাস্টি বোর্ড

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>৪.</td><td>স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ</td><td>৬.০০</td></tr>
<tr><td>৫.</td><td>ব্যাংক এশিয়া</td><td>৮.০০</td></tr>
<tr><td>৬.</td><td>এনআরবি ব্যাংক লিঃ</td><td>৮.০০</td></tr>
</table>

সরকারি ব্যাংকসমূহের তুলনায় বেসরকারি ব্যাংকসমূহের সুদের হার প্রায় ২% বেশি। এরই পরিপ্রেক্ষিতে বেসরকারি ব্যাংকসমূহে কেন্দ্রের অর্থ বিনিয়োগ করা হবে কিনা সে বিষয়ে সদয় সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে মর্মে সদস্য-সচিব সভায় উল্লেখ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে কেন্দ্রের পেনশন তহবিলের ২০% অর্থ প্রাথমিকভাবে বাণিজ্যিক ব্যাংকে বিনিয়োগের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। এ লক্ষ্যে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বাণিজ্যক ব্যাংকসমূহের মধ্যে Strongest পজিশনে রয়েছে এমন ০৫ টি ব্যাংক হতে একবছর মেয়াদী সুদের হার সংক্রান্ত Offer Letter সংগ্রহ করা যেতে পারে মর্মে সভায় মতামত প্রদান করা হয়। এছাড়া পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) সভায় উল্লেখ করেন যে, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) এর বর্তমান আর্থিক অবস্থা অত্যন্ত নাজুক হওয়ায় বিডিবিএল ব্যাংকে রক্ষিত এফডিআরসমূহ মেয়াদপূর্তিতে পর্যায়ক্রমে উত্তোলন করে অন্য কোন সরকারি ব্যাংকে বিনিয়োগ করা যেতে পারে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।
</td>
<td>অত্যন্ত নাজুক হওয়ায় এই ব্যাংকে রক্ষিত এফডিআরসমূহ মেয়াদপূর্তিতে পর্যায়ক্রমে উত্তোলন করে অন্য কোন সরকারি ব্যাংকে বিনিয়োগ করার বিষয়ে সভায় সর্বসম্মত সুপারিশ করা হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৩।</td>
<td>
বিষয়ঃ আরপিএটিসি হতে মাসিক পেনশন গ্রহণকারি পেনশনারদের পেনশন <u>বিপিএটিসি হতে পরিশোধ করাঃ</u>

সভায় সদস্য-সচিব উল্লেখ করেন যে, বর্তমানে দুইটি আরপিএটিসি হতে নিম্নোক্ত তিনজন মৃতঃ কর্মচারির পরিবারকে মাসিক পেনশন পরিশোধ করা হচ্ছেঃ

ক) মৃতঃ মিলন কান্তি বড়ুয়া, প্রাক্তন টেকনিক্যাল সুপারভাইজার, আরপিএটিসি, চট্টগ্রাম।
খ) মৃতঃ মোসলেম উদ্দিন প্রামাণিক, প্রাক্তন নিরাপত্তা প্রহরী, আরপিএটিসি, রাজশাহী।
গ) মৃতঃ মোহফুল হোসেন, প্রাক্তন নিম্নমান সহকারি, আরপিএটিসি, রাজশাহী।

উক্ত কর্মচারিগণের মৃত্যুর সময় ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত অন্য কোথাও সোনালী ব্যাংকের অনলাইন সুবিধা ছিলনা। এক্ষেত্রে মৃতঃ কর্মচারিদের পরিবারবর্গের জন্য প্রতিমাসে বিপিএটিসিতে উপস্থিত হয়ে মাসিক পেনশন গ্রহণ করা অত্যন্ত কষ্টকর ও ব্যয়বহুল হওয়ায় সংশ্লিষ্ট আরপিএটিসি হতে মাসিক পেনশন পরিশোধ করার জন্য বিপিএটিসি হতে নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে সোনালী ব্যাংকের সকল শাখায় অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। এছাড়া বিপিএটিসি হতে সকল পেনশনার এর পেনশন পরিশোধ করা হলে সকল পেনশনারদের যাবতীয় তথ্য সংরক্ষণ করার পাশাপাশি যেকোন বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ সহজতর হবে।

বিস্তারিত আলোচনার পর আগামী জানুয়ারি/২০১৯ মাস হতে আরপিএটিসি'র পরিবর্তে উপরোক্ত তিনজন পারিবারিক পেনশনারদের মাসিক পেনশন বিপিএটিসি হতে পরিশোধ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। এক্ষেত্রে মাসিক পেনশন গ্রহণকারি ব্যক্তি সংশ্লিষ্ট আরপিএটিসি কর্তৃপক্ষের নিকট তিন মাস পরপর হাজিরা প্রদান করা এবং হাজিরা গ্রহণের পর তা আরপিএটিসি কর্তৃপক্ষের মাধ্যমে কেন্দ্রকে অবহিত করা যেতে পারে মর্মে সভায় মতামত প্রদান করা হয়।
</td>
<td>
৩.১। জানুয়ারি/২০১৯ মাস হতে আরপিএটিসি'র পরিবর্তে সংশ্লিষ্ট তিনজন পারিবারিক পেনশনারদের মাসিক পেনশন বিপিএটিসি হতে পরিশোধ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২। মাসিক পেনশগ্রহণকারি ব্যক্তি সংশ্লিষ্ট আরপিএটিসি কর্তৃপক্ষের নিকট তিন মাস পরপর হাজিরা প্রদান এবং আরপিএটিসি কর্তৃপক্ষের মাধ্যমে তা কেন্দ্রকে অবহিত করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td>সদস্য-সচিব
ট্রাস্টি বোর্ড</td>
</tr>
</table>

৩। ট্রাস্টি বোর্ডের সুপারিশসমূহ কেন্দ্রের রেক্টর মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণের পর বাস্তবায়ন করা যেতে পারে।

৪। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০১/১৯

(মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি)
এমডিএস
ও
সভাপতি, ট্রাস্টি বোর্ড
বিপিএটিসি, সাভার, ঢাকা

নং-০৫.০১.২৬৭২.১২৯.১৩.০১৯.১২-২৪৫

তারিখঃ ২৩ পৌষ, ১৪২৫
০৬ জানুয়ারি, ২০১৯

<u>বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ</u>

১। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
২। পরিচালক (প্রশাসন) ও সদস্য, ট্রাস্টি বোর্ড, বিপিএটিসি, সাভার, ঢাকা
৩। পরিচালক (এসটিএন্ডটিওটি) ও সদস্য, ট্রাস্টি বোর্ড, বিপিএটিসি, সাভার,ঢাকা
৪। উপ-পরিচালক (অর্থ) ও সদস্য, ট্রাস্টি বোর্ড, বিপিএটিসি, সাভার,ঢাকা।
৫। পিএস টু রেক্টর (সিনিয়র সচিব), বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, বিপিএটিসি, সাভার, ঢাকা
৭। জনাব মোঃ হেলাল উদ্দিন-২, সাঁটলিপিকার ও সদস্য, ট্রাস্টি বোর্ড, বিপিএটিসি, সাভার, ঢাকা
৮। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, উচ্চমান সহকারি ও সদস্য, ট্রাস্টি বোর্ড, বিপিএটিসি, সাভার, ঢাকা
৯। সংশ্লিষ্ট নথি।

০৬/০১/১৯

(মোঃ নূরুল ইসলাম বিশ্বাস)
সহকারী পরিচালক (বাজেট ও হিসাব)চঃদাঃ
ও
সদস্য-সচিব, ট্রাস্টি বোর্ড
বিপিএটিসি, সাভার, ঢাকা